

আন্তর্জাতিক

ব্রেন্টের দাম ১০৩ ডলার ছাড়ান, বাড়ল ডব্লিউটিআইও

প্রতিবেদক: alamin dhakaprobe

প্রকাশের তারিখ: বুধবার, ৩০ সেপ্টেম্বর ২০২৬, ১১:৩০ AM



ইরানের ওপর থেকে নিষেধাজ্ঞা শিথিল করার বিষয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অনাগ্রহের পর বিশ্ববাজারে আবারও বেড়েছে অপরিশোধিত তেলের দাম। বুধবার আন্তর্জাতিক বাজারে ব্রেন্ট ক্রুডের দাম ব্যারেলপ্রতি ১০৩ ডলার ছাড়িয়েছে।

বুধবার ব্রেন্ট ক্রুডের দাম ১ দশমিক ১৪ ডলার বা ১ দশমিক ১১ শতাংশ বেড়ে ব্যারেলপ্রতি ১০৩ দশমিক ৭৩ ডলারে উঠেছে। একই সময়ে যুক্তরাষ্ট্রের ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লিউটিআইও) ক্রুডের দাম ৩৪ সেন্ট বা শূন্য দশমিক ৩৮ শতাংশ বেড়ে ৮৯ দশমিক ৭২ ডলারে দাঁড়িয়েছে।

এর আগে মঙ্গলবার বিশ্ববাজারে তেলের দাম কমেছিল। মধ্যপ্রাচ্য থেকে তেল সরবরাহ বাড়ার খবরে ওই দিন ব্রেন্ট ক্রুডের দাম ২ দশমিক ৫ শতাংশ কমে ব্যারেলপ্রতি ১০২ দশমিক ৫৯ ডলারে নেমে আসে। ডব্লিউটিআইওয়ের দাম কমে দাঁড়ায় ৮৯ দশমিক ৩৮ ডলারে।

তবে বুধবার আবারও তেলের দাম বেড়েছে। এর পেছনে ইরান ইস্যুতে যুক্তরাষ্ট্রের অবস্থান বড় ভূমিকা রেখেছে। ট্রাম্প এমন খবর অস্বীকার

করেছেন যে তাঁর প্রশাসন ইরানকে নিষেধাজ্ঞা শিথিল করার প্রস্তাব দিয়েছে।

ইরান এর আগে সাত দিনের যুদ্ধবিরতি ও হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়ার একটি প্রস্তাব দিয়েছিল। এর বিনিময়ে যুক্তরাষ্ট্রের নৌ অবরোধ তুলে নেওয়া, ইরানের তেল রপ্তানির ওপর নিষেধাজ্ঞা শিথিল করা এবং আটকে থাকা অর্থের একটি অংশ ছাড়ার প্রস্তাব দেওয়া হয়। ট্রাম্প ওই প্রস্তাব প্রত্যাখ্যান করেছেন।

চলতি মাসে ব্রেন্ট ক্রুডের দাম প্রায় ১৪ শতাংশ বাড়ার পথে রয়েছে। জুলাইয়ের পর এটি হতে পারে ব্রেন্টের সবচেয়ে বড় মাসিক মূল্যবৃদ্ধি।

অন্যদিকে, চলতি মাসে ডব্লিউটিআই ক্রুডের দাম প্রায় ৪ শতাংশ বাড়ার পথে রয়েছে। এর আগে মে মাসের পর প্রথমবারের মতো ডব্লিউটিআইয়ের দাম ব্যারেলপ্রতি ১০৬ ডলারের ওপরে উঠেছিল।

এ বিভাগের আরও খবর



হুথিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুথি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার
পরিকল্পনা নিয়ে কাজ করছে র...



গাজায় ইসরায়েলি বিমান হামলায় নিহত পাঁচ ফিলিস্তিনি
গাজার একটি অ্যাপার্টমেন্ট ভবনে ইসরায়েলি বিমান হামলায় পাঁচ ফিলিস্তিনি নিহত হয়েছেন। শনিবার ভোরে গাজা সিটিতে এ হামলা
হয়। স্থানীয় স্বাস্থ্য ও বে...



সৌদি আকাশে হুথিদের চার ড্রোন, দুই ক্ষেপণাস্ত্র ভূপাতিত
সৌদি আরবের দক্ষিণাঞ্চল লক্ষ্য করে ইরানের হুথিদের ছোড়া চারটি ড্রোন ও দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র প্রতিহত ও ধ্বংসের দাবি করেছে সৌদি নেতৃত্ব...



ভ্রমণে গিয়ে মহারাষ্ট্রে সমুদ্রে ডুবে প্রাণ গেল ৮ শিক্ষার্থীর
ভারতের মহারাষ্ট্রে সমুদ্রে ডুবে আট শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার রাজ্যটির রায়গড় জেলার দিভেগার সমুদ্রসৈকতে এ ঘটনা ঘটে। পরে তাদের মরদে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/brenter-dam-103-dlar-chharal-barl-dbliutiaio>